# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 25-10-2025 Time: 1.40 P.M**

রাজ্যের সব হাসপাতালের সুরক্ষা ব্যবস্থা নিয়ে আজ এক বৈঠকে বসতে চলেছেন মুখ্যসচিব মনোজ পন্থ। নবান্নে এই বৈঠকে থাকবেন স্বাস্থ্যসচিব নারায়ণ স্বরূপ নিগম, স্বাস্থ্য অধিকর্তা, সব CMOH, হাসপাতালের সুপার, পুলিশের শীর্ষ কর্তারা, জেলাশাসক ও পুলিশ সুপাররা, ডিজি রাজীব কুমার, কলকাতার পুলিশ কমিশনার মনোজ ভার্মা। মেডিক্যাল কলেজ থেকে মহকুমা স্তরের হাসপাতাল পর্যন্ত সুরক্ষা ব্যবস্থা খতিয়ে দেখা হবে। কোথায় কী ধরণের খামতি রয়েছে তাও যাচাই করে দেখা হবে। সব বড় হাসপাতালেই CCTV বসানো এবং হাসপাতালে হস্টেল চত্বরে পর্যাপ্ত আলোর ব্যবস্থা করা হয়েছে। যথেষ্ট সংখ্যক নিরাপত্তারক্ষী থাকা সত্ত্বেও কেন বিভিন্ন অপ্রীতিকর ঘটনা ঘটছে, তার প্রাথমিক রিপোর্টও চেয়েছেন মুখ্যসচিব। হাসপাতাল কর্তৃপক্ষ এবং পুলিশের তরফে এই রিপোর্ট দেওয়া হবে।

-------------------

২০২৯ সালের মধ্যে মাঝেরহাট থেকে ধর্মতলা পর্যন্ত পার্পল লাইনের গোটা অংশে মেট্রো পরিষেবা চালু হবে বলে কর্তৃপক্ষ জানিয়েছে। মেট্রো রেলের ৪১ বছর পূর্তি উপলক্ষ্যে গতকাল ধর্মতলায় এক অনুষ্ঠানে মেট্রোর জেনারেল ম্যানেজার শুভ্রাংশু শেখর মিশ্র বলেন একই সময় মাইকেল নগর থেকে বিমানবন্দর পর্যন্ত মেট্রো পোঠে সংযোগ স্থাপনের লক্ষ্যমাত্রা নেওয়া হয়েছে।

কলকাতা মেট্রো নতুন যে ৫৭ কিলোমিটার অংশ সম্প্রসারণের অনুমতি পেয়েছে তার মধ্যে আগামী বছর ২৯ কিলোমিটার অংশের কাজ শেষ করে ১৯ কিলোমিটার অংশে যাত্রী পরিষেবা চালুর পরিকল্পনা করা হয়েছে তিনি জানান।

-------------------

রাজ্যে উচ্চমাধ্যমিক পরীক্ষার তৃতীয় সেমিস্টারের ফল প্রকাশিত হবে আগামী ৩১ অক্টোবর। উচ্চমাধ্যমিক শিক্ষা সংসদের সভাপতি চিরঞ্জীব ভট্টাচার্য একথা জানিয়ে বলেন, ওইদিন দুপুর একটা থেকেই পরীক্ষার্থীরা অনলাইনে রেজাল্ট দেখতে পারবেন ।

পড়ুয়াদের প্রাপ্ত শতাংশের ভিত্তিতে মেধা তালিকা প্রকাশ করা হবে। চূড়ান্ত মেধাতালিকা প্রকাশিত হবে চতুর্থ সেমিস্টারের পর। তারপরেই মার্কশিট দেওয়া হবে। চতুর্থ সেমইস্টারের পরীক্ষা শুরু হবে আগামী বছর ২৬শে ফেব্রুয়ারী।

উল্লেখ্য, তৃতীয় সেমিস্টারের পরীক্ষা নেওয়া হয় ৮ থেকে ২২'শে সেপ্টেম্বর পর্যন্ত। এবছরই প্রথম MCQ পদ্ধতিতে সেমিস্টার ভিত্তিক উচ্চমাধ্যমিক পরীক্ষা হচ্ছে।

-------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধন কর্মসূচী SIR চলাকালীন রাজ্যজুড়ে হেল্প ডেস্ক চালু করার সিদ্ধান্ত নিয়েছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। প্রতিটি জেলাভিত্তিক হেল্পডেস্ক গঠনের পরিকল্পনা নেওয়া হয়েছে, যাতে সাধারণ মানুষ সহজে সংশোধন সংক্রান্ত তথ্য ও সহায়তা পেতে পারেন। জেলা নির্বাচনী আধিকারিকের দফতর ছাড়াও প্রতিটি ইআরও (সাবডিভিশনাল অফিসার) এবং এইআরও (বিডিও) দফতরে হেল্পডেস্ক খোলা হবে বলেও জানা গিয়েছে । SIR প্রক্রিয়া চলাকালীন ভোটারদের আবেদন, আপত্তি ও সংশোধন সংক্রান্ত প্রশ্নের উত্তর এবং প্রয়োজনীয় দিশা দিতে এই হেল্পডেস্কগুলি সক্রিয় থাকবে।

এদিকে SIR শুরুর আগে বুথ লেভেল আধিকারিক ও ইআরও-রা বৈঠকে বসতে চলেছেন। SIR -এর প্রস্তুতি নিয়ে আগামী সোমবার থেকে ধাপে ধাপে বুথ লেভেল আধিকারিক ও ইআরও-রা জেলাওয়ারিভাবে আলোচনায় বসবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তর সূত্রে জানা গিয়েছে।

-------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল আকাশবাণীতে "মন-কি-বাত" অনুষ্ঠানে তাঁর চিন্তাভাবনা দেশ-বিদেশের মানুষের সঙ্গে ভাগ করে নেবেন। এটি হবে মন-কি-বাতের ১২৭-তম পর্ব।

বেলা ১১-টা থেকে আকাশবাণী এবং দূরদর্শনের সবকটি চ্যানেল এবং আকাশবাণীর নিউজ অন এ.আই.আর. ওয়েবসাইট, মোবাইল অ্যাপ, প্রধানমন্ত্রীর দফতর, তথ্য ও সম্প্রচারমন্ত্রকের ওয়েবসাইট ও ইউটিউব চ্যানেলেও "মন-কি-বাত" সম্প্রচারিত হবে।

হিন্দিতে এই অনুষ্ঠান সম্প্রচারিত হবার পরেই আঞ্চলিক ভাষায় এর তর্জমা শোনা যাবে।

নিঃশুল্ক নম্বর ১৮০০-১১-৭৮০০ নম্বরে ম্যাসেজ করে কিংবা মাই গভ বা নমো অ্যাপে মতামত জানানো যাবে।

-------------------

মুর্শিদাবাদের ফারাক্কায় এক রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্কে গ্রাহকদের ৬৪ লক্ষ টাকা গায়েব করার অভিযোগে সংশ্লিষ্ট ব্যাঙ্কের ক্যাশিয়ার ও এক কর্মীকে পুলিশ গ্রেপ্তার করেছে। এই ঘটনায় আমানতকারিদের মধ্যে চাঞ্চল্য দেখা দিয়েছে। গ্রাহকরা তাঁদের অ্যাকাউন্টে গরমিল দেখে বিষয়টি ম্যানেজারের নজরে আনেন। প্রায় ৫০ জন গ্রাহক তাঁদের অ্যাকাউন্ট থেকে জমা টাকা গায়েব হওয়ার অভিযোগ করলে, ব্যাঙ্ক কতৃপক্ষ এবিষয়ে থানায় এফ আই আর দায়ের করে। এরপরই পুলিশ ব্যাঙ্কের ক্যাশিয়ার শুভেন্দু সাহা ও কর্মী প্রবীণ দত্তকে গ্রেপ্তার করে।

-------------------

হাওড়া গ্রামীণ জেলা পরিষদের অধীন বাগনান থানার উদ্যোগে ৪৪ লক্ষ টাকার চোরাই সামগ্রী উদ্ধার করা হয়েছে। গতমাসের ২৫ তারিখে ৪৪ লক্ষ টাকার মালবোঝাই একটি লরি, অজ্ঞাতপরিচয় ব্যাক্তিরা চুরি করে নিয়ে যায়। গত বৃহস্পতিবার পুলিশ চোরাইমাল সমেত লরিটি উদ্ধার করে। এই ঘটনায় মোহিত সিং নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করা হয়। আদালত তাঁকে পাঁচ দিনের পুলিশ হেফাজতের নির্দেশ দয়েছে। এবিষয়ে তদন্ত চলছে।

-------------------

চারদিন ব্যাপী ছট পুজোর আজ সূচনা হচ্ছে।

সমৃদ্ধি ও মঙ্গল কামনায় পুণ্যার্থীরা, কার্তিক মাসের শুক্ল পক্ষে সূর্য দেবতার পুজোর মধ্যে দিয়ে ছট পুজো উদযাপন করে থাকেন।

পুজোর প্রথম দিনে আজ ‘নাহায় খায়’। ভক্তরা পুণ্যস্নান করে লাউ সহ সাত্বিক আহার গ্রহণ করেন। আগামীকাল দ্বিতীয় দিনে হবে- ‘খারনা’। সারাদিন উপবাস ও সন্ধ্যায় খারনা প্রসাদ গ্রহণ করে শুরু হবে ৩৬ ঘন্টা নিরম্বু উপবাস পালন।

তৃতীয় দিন সন্ধ্যায় নদী, জলাশয়ে অস্তগামী সূর্যকে অর্ঘ্য নিবেদন করে পুজো করা হবে। চতুর্থ দিনে উদীয়মান সূর্যকে অর্ঘ্য নিবেদন করে ব্রত উদ্‌যাপনের সমাপ্তি হবে।

কলকাতায় গঙ্গার **ঘাটগুলির** পাশাপাশি বিভিন্ন নদ নদী ও জলাশয়ে ও ছট পুজো সম্পন্ন হবে। কলকাতা মেট্রোপলিটন ডেভেলপমেন্ট অথরিটি–KMDA , কলকাতায় স্থায়ী অস্থায়ী মিলিয়ে ৩৯ টি জলাশয়ে ঘাটের ব্যবস্থা করেছে।

-------------------

ছট পুজো উপলক্ষে প্রতিবছরের মত এবছরও জলপাইগুড়ি শহরের কামারপাড়ায় মহিলাদের কলস মিছিলের আয়োজন করা হয়। সুসজ্জিত এই মিছিলে স্থানীয় মহিলা ও পুরুষেরাও অংশগ্রহণ করেন। কামারপাড়া থকে শুরু হয়ে মিছিলটি শহর পরিক্রমা করা ফিরে আসে

-------------------

আকাশবাণী কলকাতা কেন্দ্রে সাঁওতালী সংবাদ পাঠক ভাগবত বাস্কের সম্প্রতি জীবনাবসান হয়েছে। কিছুদিন ধরে তিনি অসুস্থ ছিলেন। বয়স হয়েছিল ৪৯ বছর।

২০০5 সাল থেকে তিনি সাঁওতালী সংবাদের সঙ্গে যুক্ত ছিলেন।

-------------------

দার্জিলিং-এর খড়িবাড়ি থানার পুলিশ, জন্ম এবং মৃত্যু শংসাপত্রের জাল সার্টিফিকেট বিক্রির অভিযোগে পার্থ সাহা নামে এক ব্যাক্তিকে গ্রেপ্তার করেছে। স্বাস্থ্য দপ্তরের তরফ থেকে তার বিরুদ্ধে থানায় অভিযোগ দায়ের হয়। এরপর থেকেই ফেরার ছিল পার্থ সাহা। দুদিন আগে খড়িবাড়ি থানার পুলিশ এই জাল সার্টিফিকেট চক্রের এক ডেটা এন্ট্রি অপারেটরকে গ্রেফতার করে। আজ ধৃত পার্থকে শিলিগুড়ি আদালতে তোলা হয়।

------------------- --------------